# ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০




ইমদাদুল হক

২০০৮ সালের ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের কর্মসূচি ঘোষণা করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ কর্মসূচি ছিল রূপকল্প ২০২১-এর মূল উপজীব্য। গত ১২ ডিসেম্বর বর্ণাঢ্য আয়োজনে উদযাপিত হয় ডিজিটাল বাংলাদেশ দিবসের। ‘যদিও মানছি দূরত্ব, তবুও আছি সংযুক্ত’ প্রতিপাদ্যে দেশব্যাপী জেলা-উপজেলা এবং বিদেশের বাংলাদেশ দূতাবাসগুলোতে উদযাপিত হয়েছে ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০। সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে র‍্যালি, আলোচনা সভা, সাইবার ড্রিলসহ নানা আয়োজনে পালিত হয় দিবসটি।

### উদ্বোধন

আইসিটি বিভাগের উদ্যোগে ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে শুরু হয় দিনের কর্মসূচি। পরেআগারগাঁওয়ে বাংলাদেশ কমপিউটার কাউন্সিল অডিটরিয়ামে অনুষ্ঠিত হয় এই

## ‘ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০’ পুরস্কার পেলেন যারা

এ বছর সরকারি-বেসরকারি দুই পর্যায়ে সাধারণ ও কারিগরি ক্যাটাগরিতেপুরস্কার দেয়া হয়। সরকারিপর্যায়েদাপ্তরিক কাজে পিএমএস-আরএমসি উদ্যোগ বাস্তবায়নে ঢাকার বিভাগীয় কমিশনার মো: মোস্তাফিজুর রহমান এবং ভূমি অধিগ্রহণ সফটওয়্যার ব্যবহার করে ক্ষতিপূরণে অবদান রাখায় নরসিংদীর জেলা প্রশাসক সৈয়দা ফারহানা কাউনাইন ডিজিটাল বাংলাদেশ পুরস্কার অর্জন করেন।

এছাড়া অনলাইন খতিয়ান ও ডিজিটাল রেকর্ড রুম উন্নয়নে অবদান রাখায় পুরস্কার পেয়েছে ভূমি মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব মাকসুদুর রহমান পাটোয়ারির নেতৃত্বাধীন দল ও সেন্ট্রাল এইড ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নে ঢাকা জেলা প্রশাসক শহীদুল ইসলামের নেতৃত্বাধীন দল। অনুষ্ঠানে ফাইন্যান্সিয়াল গ্র্যান্ট ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নে পুরস্কার পেয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ। ই-মনিটরিং অ্যান্ড পারফর্মিং সিস্টেম বাস্তবায়নে ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়।এছাড়া করোনা হেল্পলাইন ১৬২৬৩ বাস্তবায়নে সরকারি ক্যাটাগরিতে পুরস্কার জিতেছে সিনেসিস আইটি লিমিটেড।

এরপর বেসরকারি পর্যায়ে পোড়া ভোজ্য তেল থেকে বায়ো ডিজেল তৈরির স্বীকৃতি হিসেবে ডিজিটাল বাংলাদেশ দিবসের পুরস্কার জিতেছেন এটুআই




ল্যাবের গবেষক আব্দুল্লাহ আল হামিদ। কারিগরি ক্যাটাগরিতে সাইবার টিনস নামের মোবাইল অ্যাপ তৈরির জন্য আন্তর্জাতিক শিশু নোবেল জয়ী সাদাত রহমানও এই পুরস্কার জিতেছেন।

করোনাকালে সেবা দিয়ে বেসরকারি পর্যায়ে সাধারণ ক্যাটাগরিতে দলীয় উদ্যোগের জন্য সম্মাননা লাভ করে ই-ক্যাব। সংগঠনের পক্ষে ই-ক্যাব সভাপতি শমী কায়সার ও সাধারণ সম্পাদক আব্দুল ওয়াহেদ তমাল এই সম্মাননা গ্রহণ করেন।

কভিডে ইন্টারনেট সেবা অক্ষুণ্ন রাখায় কারিগরি ক্যাটাগরিতে দল হিসেবেআইএসপিএবি সভাপতি এমএ হাকিম এবং সাধারণ সম্পাদক মো: ইমদাদুল হককে এ বছরের ডিজিটাল বাংলাদেশ দিবসের পুরস্কার দেয়া হয়। তাদের অনুপস্থিতিতে পুরস্কার গ্রহণ করেন আইএসপিএবি সংগঠনের নির্বাহী পরিচালকমাহমুদ শাহেদ।

সবশেষে নিরাপদ ইন্টারনেট ব্যবহারে অবদান রাখায় ব্যক্তি হিসেবে ফিফোটেকের ব্যবস্থাপনা পরিচালক তৌহিদ হোসেন‘ডিজিটাল বাংলাদেশ’ সম্মাননা লাভ করেন। একইসময়ে তথ্য ও যোগাযোগ খাতে বিশেষ অবদানের জন্য ডিজিটাল ওয়ার্ল্ড ২০২০ সম্মাননা দেয়া হয় খুলনার বিভাগীয় কমিশনার হেলাল হোসেনের হাতে।

উদ্বোধনী ও জাতীয় আইসিটি পুরস্কার প্রদান। অনুষ্ঠানে রাষ্ট্রপতি আবদুল হামিদ ডিজিটাল প্ল্যাটফর্মে প্রধান অতিথি হিসেবে যুক্ত হয়ে বক্তব্য রাখেন। ভিডিও বার্তায় বলেন, ‘প্রযুক্তি উন্নয়নের হাতিয়ার। তাই অনুকরণের পরিবর্তে আমাদের উদ্ভাবনের ওপর জোর দিতে হবে।’

অনুষ্ঠানে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এ কে এম রহমতুল্লাহ ও আইসিটি বিভাগের সিনিয় সচিব এন এম জিয়াউল আলম ।উদ্বোধনী অনুষ্ঠানে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ১২ বছরের সাফল্য ও অর্জন তুলে ধরা হয়। পরে দেশের আইসিটি খাতে বিশেষ অবদান রাখায় ১৫ ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ‘ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০’ পুরস্কারে ভূষিত করা হয়।

## উদযাপন

এদিকে দিবসটি উপলক্ষে ঢাকায় বিটিআরসি মিলনায়তন ও ডিজিটাল প্ল্যাটফর্মে ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও বিটিআরটির যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হয় বিশেষ সভা। সভায় প্রধান অতিথি ছিলেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব মো: আফজাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান ড. শাহজাহান মাহমুদ, বিটিআরসির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোস্তাফা কামাল, ডাক অধিদপ্তরের মহাপরিচালক মো: সিরাজ উদ্দিন, বিটিসিএলের ব্যবস্থাপনা পরিচালক ড. রফিকুল মতিন, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মশিউর রহমান, টেলিটক বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সাহাবউদ্দিনসহ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর অধীন বিভিন্ন সংস্থার কর্মকর্তারা সভায় বক্তব্য রাখেন। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মহসীনুল আলম।

বিকেলে অনুষ্ঠিত হয় ডিজিটাল বাংলাদেশ দিবসের জাতীয় সেমিনার। এতে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের সভাপতিত্বে সেমিনারে আরো বক্তব্য রাখেন সিনিয়র সচিব এনএম জিয়াউল আলম, কৃষি মন্ত্রণালয়ের সচিব মো: মেসবাহুল ইসলাম ও স্বাস্থ্য সচিব আব্দুল মান্নান। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকার বিভাগীয় কমিশনার মোস্তাফিজুর রহমান।

রাতে ‘ডিজিটাল বাংলাদেশের এগিয়ে যাওয়ার ১২ বছর’ ওয়েবিনারে তথ্যপ্রযুক্তিতে বাংলাদেশের অগ্রগতির নানা দিক তুলে ধরেন সজীব ওয়াজেদ জয়। করোনাভাইরাসের মহামারীর মধ্যে ডিজিটাল বাংলাদেশ না থাকলে কী হতো, সে প্রশ্ন রাখেন প্রধানমন্ত্রীর এই উপদেষ্টা। মাল্টিমিডিয়া ক্লাসরুম, ই-নথি, বিচারিক কার্যক্রমসহ বিভিন্ন কাজে ডিজিটাল পদ্ধতির ব্যবহার তুলে ধরেন তিনি। বলেন, দেশে এখন প্রায় ১২ কোটি মানুষ ইন্টারনেট ব্যবহার করছে। সাড়ে তিন হাজার ইউনিয়নে ফাইবার অপটিক ক্যাবল সংযোগ স্থাপনের মাধ্যমে ইন্টারনেট সেবা বাড়ানো হচ্ছে। এ ছাড়া আগামী দিনে কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবটিকস ও মাইক্রোপ্রসেসর ডিজাইনের মতো ক্ষেত্রে ২০৪১ সালে নতুন কিছু উদ্ভাবনের মাধ্যমে চতুর্থ শিল্পবিপ্লবে প্রযুক্তিবিশ্বেনেতৃত্বে যাওয়ার কথা পুনর্ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার আইসিটি উপদেষ্টা। আর এক্ষেত্রে শিশুদের কমপিউটার জ্ঞানসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে গবেষণায় সর্বোচ্চ গুরুত্ব দেয়া এবং নীতি প্রণয়নের কথাও তুলে ধরেছেন তিনি। পাশাপাশি প্রাতিষ্ঠানিক শিক্ষার বাইরে থাকা মানুষকে সচেতন করতে সরকারের পরিকল্পনার অংশ হিসেবে অনলাইনেগুজব কমানো ও ঠেকানোর জন্যসোশ্যাল মিডিয়াকেও আইনের অধীনে আনার পরিকল্পনার কথা জানান বঙ্গবন্ধুর দৌহিত্র।

এটুআই নীতি উপদেষ্টা আনীর চৌধুরীর সঞ্চালনায় দিবসেরসমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, আইসিটি বিভাগের জ্যেষ্ঠ সচিব নিয়াজ মোহাম্মাদ জিয়াউল আলম, কিশোর সাইবার নোবেল জয়ী সাদাত রহমান, সিমপ্রিন্ট টেকনোলজির সিইও ড. টোবি নরমান কজ

*ফিডব্যাক : imdadbdpress@gmail.com*

CJLive
Offer LIVE Webcasting and Conferencing
LIVE
YouTube LIVE
Web Conferencing Solution
StreamingLive
Starting From
Only 15,000 BDT
About Us
The Comjagat Technologies provides Live Webcasting services to Government Organizations, Business Organizations, NGO's, Educational Institutions, other types of organizations and individuals. We provide Live Webcasting services, which attract more viewers from any part of the world to attend a live event online. It has 7 years' Experience in this area and covered 500+ local and international events.
Our Service
- Live Webcast
- High Quality Video DVD
- Online archive
- Multimedia Support
- Switching Panel
The program we live webcast…
- Seminar, Workshop
- Wedding ceremony
- Press conference
- AGM or
- Any event
cj comjagat TECHNOLOGIES
01670223187
01711936465
House- 29, Road- 6, Dhanmondi,
Dhaka- 1205, E-mail: live@comjagat.com